গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
অপারেশনস্ অধিশাখা (টেলিকম ইউনিট)
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

২৩ বৈশাখ ১৪৩৩
নং-৫৮.০২.০০০০.০০৯.০০.০০৮.২৫-৩৪৩ তারিখ: -------------------
০৬ মে ২০২৬

বিষয়: বেতার যন্ত্র ব্যবহারের নির্দেশনা সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সমগ্র জেলায় বেতার সরঞ্জামাদি (ওয়াকিটকি এবং রিপিটার) রয়েছে। আইন প্রয়োগকারী সংস্থা হিসেবে বেতারের মাধ্যমে যোগাযোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। যে কোন আভিযানিক ও দাপ্তরিক যোগাযোগ করার জন্য ওয়্যারলেস ব্যবহার অত্যন্ত কার্যকরী। ওয়্যারলেস সেট বা এর ব্যবহৃত যন্ত্রপাতি রাষ্ট্রীয় অতি প্রয়োজনীয় ও মূল্যবান সম্পদ। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী কর্তৃক ওয়্যারলেস (walkie-talkie) ব্যবহারের ক্ষেত্রে নির্দেশাবলী অনুসরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

নির্দেশাবলী:

০১। অধিদপ্তরে কর্মরত ওয়্যারলেস অপারেটরগণ বেতার সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করবেন। কোন জেলায় ওয়্যারলেস অপারেটর পদায়ন না থাকলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অধীনস্থ যে কোন কর্মচারীকে লিখিতভাবে বেতার সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালনের আদেশ প্রদান করবেন।

০২। বদলীজনিত কারণে ওয়্যারলেস(walkie-talkie) সেটের প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাগণ ব্যবহৃত ওয়্যারলেস সেট সংশ্লিষ্ট কার্যালয়ের বেতার সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণের দায়িত্বপ্রাপ্ত কর্মচারীকে বুঝিয়ে দিবেন এবং উক্ত কর্মচারী নিয়মিত পরিচর্যা করবেন।

০৩। বেতার সরঞ্জামাদি (ওয়্যারলেস, বেস সেট, রিপিটার, ব্যাটারী, চার্জার ইত্যাদি) এবং এর সাথে সম্পৃক্ত আনুষাঙ্গিক যন্ত্রপাতি প্রাপ্তি, বিতরণ এবং সংরক্ষণের তথ্য অবশ্যই স্থায়ী রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে। তথ্য সঠিকভাবে লিপিবদ্ধ করা হচ্ছে কিনা সংশ্লিষ্ট অফিস প্রধান তা নিয়মিত তদারকি করবেন। যদি কোন অসংগতি পরিলক্ষিত হয় তাহলে তা দায়িত্বে অবহেলা হিসেবে গণ্য হবে।

০৪। স্ব-স্ব অধিক্ষেত্রে স্থাপনকৃত রিপিটার ও আনুষাঙ্গিক যন্ত্রপাতি (ক্যাবল, ভোল্টেজ স্ট্যাবিলাইজার, ব্যাটারী, অ্যান্টেনা, ইলেকট্রিক্যাল লাইন ইত্যাদি) এর প্রতি খেয়াল রাখতে হবে। যন্ত্রপাতি নষ্ট বা কোন সমস্যা হলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়স্থ অপারেশনস্ অধিশাখার টেলিকম ইউনিটকে লিখিতভাবে অবহিত করতে হবে।

০৫। কোন কারণে ওয়্যারলেস (walkie-talkie) হারিয়ে গেলে তাৎক্ষনিকভাবে সংশ্লিষ্ট থানায় জি.ডি করতে হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ তদন্ত সাপেক্ষে দায় নির্ধারণ করবেন। যদি অবহেলাজনিত কারণে (walkie-talkie) হারিয়ে যায় বা ক্ষতিগ্রস্ত হয় তাহলে সংশ্লিষ্ট দায়ী কর্মকর্তা/ কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। অতিরিক্ত ব্যাটারীসহ সকল ওয়াকিটকি সেটের ব্যাটারী নিয়মিত চার্জ দিয়ে সংরক্ষণ করতে হবে। দীর্ঘ সময় অভিযান চলাকালে ব্যাটারীর চার্জ শেষ হয়ে গেলে অতিরিক্ত ব্যাটারী স্থাপন করে সংযোগ চালু রাখা যায়। **ব্যাটারী সম্পূর্ণ চার্জ হয়ে গেলে চার্জার থেকে সেট/ব্যাটারী আলাদা করে রাখতে হবে।** অতিরিক্ত চার্জ প্রদান করলে ব্যাটারীর কার্যক্ষমতা কমে যায়।

০৭। সকল ওয়্যারলেস অপারেটরকে ওয়্যারলেস (walkie-talkie) অপারেটিং এর বিষয়ে মৌলিক প্রশিক্ষণ প্রদান করতে হবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেলিকম ইউনিটকে স্বয়ংসম্পূর্ণ ও শক্তিশালী করে গড়ে তুলতে যাচাই/বাছাইপূর্বক নির্ধারিত সংখ্যক ওয়্যারলেস অপারেটরকে দেশে এবং প্রয়োজনে দেশের বাইরে ট্রেনিংয়ের মাধ্যমে বিশেষজ্ঞ করে গড়ে তুলতে হবে।

০৮। ওয়্যারলেস (walkie-talkie) চব্বিশ ঘন্টা চালু রাখতে হবে। যদি বিনা কারণে কোন কর্মকর্তা/ কর্মচারীর ওয়্যারলেস (walkie-talkie) বন্ধ পাওয়া যায় তবে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যাবস্থা গ্রহণ করা হবে।

CamScanner

০৯। ঢাকা মেট্রো পলিটন এলাকায় যোগাযোগ স্থাপনের জন্য কন্ট্রোল রুম স্থাপন করতে হবে। কন্ট্রালরুমে দায়িত্বরত কর্মচারীগণ উর্দ্ধতন কর্তৃপক্ষের আদেশ যথাযথভাবে রেজিস্টারে লিপিবদ্ধ করবেন এবং নির্দেশনা মোতাবেক ওয়্যারলেসের মাধ্যমে প্রচার করবেন।

১০। ওয়্যারলেস সেট ব্যবহারকারীগণ ছুটি/সাক্ষ্য প্রদানের জন্য কর্মস্থলে উপস্থিত না থাকলে তার ব্যবহৃত ওয়্যারলেস সেট **(walkie-talkie)** দায়িত্বপ্রাপ্ত কর্মচারীর নিকট জমা প্রদান করবেন। কোন অবস্থাতেই কর্মস্থলের বাইরে ওয়্যারলেস সেট ব্যবহার করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। কোন অবস্থাতেই ওয়্যারলেস **(walkie-talkie)** প্যান্টের পকেটে রাখা যাবে না। প্যান্টের পকেটে রাখার কারণে এন্টেনা ভাঁজ হয়ে ভেতরে ভেঙ্গে যায় এবং চাপে মাদার বোর্ড ক্ষতিগ্রস্থ হয়।

১২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের **সহকারী উপ-পরিদর্শক থেকে তদূর্ধ্ব পর্যায়ের সকল কর্মকর্তাগণ দায়িত্ব পালনকালে ওয়্যারলেসসেট (walkie-talkie) ব্যবহার করবেন।** তবে সেটের যথাযথ নিরাপত্তা বজায় রাখবেন।

১৩। প্রাধিকারের বাইরে কেউ ওয়্যারলেস **(walkie-talkie)** ব্যবহার করবেন না।

১৪। উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ওয়্যারলেস **(walkie-talkie)** তে **Call** দিয়ে না পেলে সেটি উক্ত কর্মকর্তার অসদাচরণ হিসেবে গণ্য হবে।

১৫। বেতার যন্ত্রের মাইক্রোফোন মুখ হতে ৬ ইঞ্চি দূরে এবং ৪৫ডিগ্রী কোণে রাখতে হবে।

১৬। ব্যক্তিগত আলাপ/ অতিগোপনীয় সংবাদ ওয়্যারলেস সেটে প্রদান করা যাবে না।

১৭। কল সাইন মোতাবেক ওয়্যারলেস সেটে অবশ্যই মার্জিত ভাষায় কথা বলতে হবে।

১৮। উর্দ্ধতন কর্তৃপক্ষ অফিসসমূহ পরিদর্শনকালে অবশ্যই বেতার সরঞ্জামাদির বিষয়ে খোঁজ নিবেন এবং পরিদর্শন প্রতিবেদনে উক্ত রেজিস্টারের তথ্য অন্তর্ভূক্ত করবেন।

০৭/০৫/২০২৬
(মোঃ হাসান মারুফ)
মহাপরিচালক

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৯.০০.০০৮.২৫-৩৪৩

তারিখ: ০৬ মে ২০২৬

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। পরিচালক(প্রশাসন/অপারেসনস্/চিকিৎসা ও পূর্নবাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২। অতিরিক্ত পরিচালক(গোয়েন্দা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল/রাজশাহী/রংপুর
৪। উপপরিচালক(সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান/ মেট্রো/ জোন/ জেলা/ বিভাগীয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, (সকল)
৬। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৭। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৫। সহকারী পরিচালক(সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান/ মেট্রো/ জোন/ জেলা/ বিভাগীয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, (সকল)
৬। পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান/ মেট্রো/ জোন/ জেলা/ বিভাগীয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, (সকল)
৭। উপপরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান/ মেট্রো/ জোন/ জেলা/ বিভাগীয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, (সকল)
৮। সহকারী উপ-পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান/ মেট্রো/ জোন/ জেলা/ বিভাগীয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, (সকল)
৯। ওয়্যারলেস্ অপারেটর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান/ মেট্রো/ জোন/ জেলা/ বিভাগীয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, (সকল)
১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
১১। অফিস কপি

M Chakma
০৭/০৫/২৬
(মুকুল জ্যোতি চাকমা)
উপপরিচালক (অপারেশনস্)

CamScanner